



এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট ও রেজিস্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার, ১৮/ই, লেক সার্কাস কলাবাগান, পশ্চিম পাছপথ, ঢাকা-১২০৫

২৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এনভয় টেক্সটাইলস লিমিটেডের ২৯তম বার্ষিক সাধারণ সভা আগামী শনিবার, ২ নভেম্বর ২০২৪, সকাল ১১.০০ ঘটিকায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে গুলশান গুটিং ক্লাব, গুলশান এভিনিউ, পুলিশ প্লাজার পাশে, ঢাকা-১২১২-এ অনুষ্ঠিত হবেঃ

আলোচ্যসূচীসমূহ

- আলোচ্যসূচী ১ঃ ৩০শে জুন, ২০২৪ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী, তদসংশ্লিষ্ট নিরীক্ষকদের প্রতিবেদন এবং পরিচালনা পর্ষদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- আলোচ্যসূচী ২ঃ ৩০শে জুন, ২০২৪ তারিখে সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষণা।
- আলোচ্যসূচী ৩ঃ অত্র কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী নিম্নোক্ত পরিচালকমণ্ডলী নির্বাচনঃ
- ৩.১ জনাব আব্দুস সালাম মুর্শেদী
- ৩.২ মিসেস রাশিদা আহমেদ
- ৩.৩ জনাব শেখ বশির আহমেদ
- আলোচ্যসূচী ৪ঃ নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- আলোচ্যসূচী ৫ঃ পেশাজীবী হিসাব রক্ষক/সচিব নিয়োগ।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

এম সাইফুল ইসলাম চৌধুরী, এফসিএস
কোম্পানী সচিব

কর্পোরেট ও রেজিস্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার
১৮/ই, লেক সার্কাস কলাবাগান
পশ্চিম পাছপথ, ঢাকা-১২০৫

রবিবার, ৬ অক্টোবর ২০২৪
ঢাকা।

দ্রষ্টব্যঃ

- (i) ২৯তম বার্ষিক সাধারণ সভার 'রেকর্ড ডেট' ছিল ৩০ সেপ্টেম্বর, ২০২৪। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিএস ব্যবস্থাধীন শেয়ার রেজিস্টারে অন্তর্ভুক্ত আছেন, তাঁরা সভার কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন।
- (ii) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক যদিও কোম্পানীর ভার্সুয়াল সভা আহ্বান করার সুযোগ আছে, তদসত্ত্বেও শেয়ারহোল্ডারদের সরাসরি অংশগ্রহণের সুযোগ নিশ্চিতকল্পে এ সভা হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। সম্মানিত শেয়ারহোল্ডারগণ উল্লেখিত সভাস্থানে সরাসরি উপস্থিত থেকে বা অনলাইনে যুক্ত থেকে সভায় অংশগ্রহণ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।
- (iii) সম্মানিত শেয়ারহোল্ডারগণ যারা ভার্সুয়ালি যুক্ত হবেন, তারা নিম্নলিখিত লিংকের মাধ্যমে বা নিম্নোক্ত কিউআর কোডটি স্ক্যান করে সভায় অংশ গ্রহণ করবেন :

<https://agmbd.live/envoytextiles2024>



হাইব্রিড প্ল্যাটফর্মে যুক্ত হতে, শেয়ারহোল্ডারগণকে ১৬ ডিজিটের বিও একাউন্ট নাম্বার দিতে হবে। তাদের স্ব-স্ব বিও একাউন্টের সাথে সংযুক্ত মোবাইল নাম্বারে একটি পাসওয়ার্ড প্রেরণ করা হবে। উক্ত পাসওয়ার্ডের সাহায্যে সিস্টেমে যুক্ত হতে পারবেন। যারা মোবাইল নাম্বার নতুন করে দিতে চান, তারা আমাদেরকে অন্তত সভা অনুষ্ঠানের ১২ ঘণ্টা পূর্বে লিখিত ভাবে জানাতে পারবেন।

- (iv) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবার ৪৮ ঘণ্টা পূর্ব হতে বা চলাকালীন সময়ে শেয়ারহোল্ডারগণ অনলাইনে যুক্ত হয়ে তাদের প্রশ্ন/মতামত পেশ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণ সরাসরি সভায় উপস্থিত থেকেও তাদের প্রশ্ন/মতামত পেশ ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।
- (v) সম্মানিত শেয়ারহোল্ডারগণ যারা সরাসরি উপস্থিত থেকে সভায় অংশগ্রহণ করবেন, তাদেরকে রেজিস্ট্রেশনের সময় তাদের স্ব-স্ব শেয়ার মালিকানার স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি বা উপযুক্ত প্রমাণ উপস্থাপনের অনুরোধ করা হচ্ছে।
- (vi) যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় মূল্যের রাজস্ব স্ট্যাম্প সংযুক্ত প্রিন্সিপাল ফরম বা নোটারীকৃত পাওয়ার অব এটর্নি বা ক্ষমতা অর্পণ পত্র, ক্ষেত্রমতে প্রযোজ্য, সভা শুরু অস্তত ৪৮ ঘণ্টা পূর্বে অবশ্যই কোম্পানীর রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- (vii) কোম্পানির সংঘবিধির ১০৮ এবং ১০৯ বিধি মোতাবেক কোম্পানির প্রাতিষ্ঠানিক শেয়ারহোল্ডার উক্ত কোম্পানির সিদ্ধান্ত মোতাবেক কোন ব্যক্তিকে সাধারণ সভায় যোগদান, মতামত প্রকাশ ও ভোটাধিকার প্রদানে ক্ষমতাপর্ণ করতে পারবেন।
- (viii) বার্ষিক প্রতিবেদন ২০২৪-এর কপি কোম্পানীর ওয়েবসাইট (www.envoytextiles.com) থেকে যথাসময়ে সংগ্রহ করা যাবে।